

বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন গ্রিন ইউনিভার্সিটি অব বাংলাদেশের শিক্ষক মোল্লা শাহাদাত হোসাইন লিপু। যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান এলসেভিয়ের সম্প্রতি ঘোষভাবে এ তালিকা প্রকাশ করেছে। মোল্লা শাহাদাত হোসাইন গ্রিন ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে কর্মরত। তাঁর গবেষণার প্রধান বিষয় নবায়নযোগ্য শক্তি, ব্যাটারি, এনার্জি স্টোরেজ, বিকল্প শক্তির উৎস, ইলেক্ট্রিক ভেহিকেলস ও পাওয়ার ইলেক্ট্রনিকস। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

মোল্লা শাহাদাত হোসাইনের প্রকাশিত গবেষণা প্রবন্ধ নেচার, এলসেভিয়ার ও আইইইই ট্রানজেকশনের মতো জার্নালে প্রকাশিত হয়েছে। গুগল স্কলারের তথ্যমতে, বর্তমানে তাঁর গবেষণার সাইটেশনসংখ্যা ৩ হাজার ৯০০ অতিক্রম করেছে। তিনি বিশ্বের বিভিন্ন আন্তর্জাতিক এক্সিবিশন ও কনফারেন্সে বেস্ট পেপার অ্যাওয়ার্ড ও স্বর্ণপদকে ভূষিত হয়েছেন। বর্তমানে তিনি অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, জাপান ও ইউরোপের বিভিন্ন প্রতিষ্ঠান এবং বিজ্ঞানীদের সঙ্গে যৌথভাবে গবেষণা করছেন।

এ বিষয়ে মোল্লা শাহাদাত হোসাইন বলেন, যেকোনো অর্জনই আনন্দের। এ ধরনের অর্জন তাঁকে যেমন সমৃদ্ধ করেছে, তেমনি গ্রিন ইউনিভার্সিটির অন্য শিক্ষকদের ভবিষ্যতে গবেষণায় উৎসাহী করে তুলবে।